

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০।
ওয়েবসাইট: www.gsb.gov.bd

ফেইসবুক পেজ: www.facebook.com/bangladeshgeologicalsurvey

১১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ

স্মারক নম্বর : ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮.

২১৬১

তারিখ:

২৬ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়: ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনী উদ্যোগ সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনী উদ্যোগ “খনিজ সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে খনন পরবর্তী কেসিং রিকভারির উপযোগী হাইড্রোলিক পাওয়ার প্যাক উদ্ভাবন” বাস্তবায়নের জন্য পর্যালোচনা সভা গত ২৫ আগস্ট, ২০১৯ খ্রি: তারিখ, রোজ রবিবার পূর্বাহ্ন ১১.০০ ঘটিকায় টিমের সভাপতি জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব) এর সভাপতিত্বে অধিদপ্তরের দ্বিতীয় তলার কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা সংলগ্নী-ক হিসাবে সংযুক্ত করা হলো।

২.০. আলোচনা:


উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে ২০১৯-২০২০ অর্থবছরে গৃহীত উদ্ভাবনী উদ্যোগ “খনিজ সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে খনন পরবর্তী কেসিং রিকভারির উপযোগী হাইড্রোলিক পাওয়ার প্যাক উদ্ভাবন” বাস্তবায়ন বিষয়ে ইনোভেশন আইডিয়া প্রদান কারী টিম জিএসবি’র খনন প্রকৌশল শাখার শাখা প্রধান ও উপ-পরিচালক (খনন প্রকৌশল) জনাব মোঃ মাহিবুল ইসলাম প্রস্তাবিত ইনোভেশন আইডিয়া বিষয়ে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা প্রদান করেন। উপস্থাপনা শেষে ইনোভেশন টিমের সভাপতি মহোদয় জানান যে, বিদেশে খনন পরবর্তী কেসিং রিকভারির দৃষ্টান্ত থাকলেও দেশীয় উদ্যোগে স্বল্প খরচে এ ধরনের উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়ন করা যেতে পারে। সমধর্মী প্রতিষ্ঠানের খনন কার্যক্রমে এই ধরনের উদ্যোগ রেপ্লিকেশন করা যেতে পারে। ইনোভেশন টিমের সদস্য জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব) জানান যে, জিএসবি’র খনিজ সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে খনন কাজ সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ব্যাকআপ হিসেবে একাধিক কেসিং রিকভারির উপযোগী হাইড্রোলিক পাওয়ার প্যাকের সংস্থান রাখা যেতে পারে। উদ্যোগটি বাস্তবায়িত হলে খনন কাজে অর্থ ও সময় সাশ্রয় হবে এবং স্বল্প খরচে প্রয়োজনীয় মেরামত ও রক্ষাবেক্ষণ করে দীর্ঘদিন যন্ত্রটি ব্যবহার করা যাবে বলে আইডিয়া প্রদানকারী টিম সভাকে অবহিত করেন। ই-সেবা তৈরীর লক্ষ্যে অধিদপ্তরের সহকারী গ্রন্থাগারিক (চলতি দায়িত্ব) জনাব মোস্তাফিজুর রহমানকে স্ব-উদ্যোগে প্রস্তুতকৃত গ্রন্থাগার বিষয়ক ওয়েবসাইট কনটেন্ট ইনোভেশন টিমের সদস্যবৃন্দের পর্যালোচনার জন্য উপস্থাপন করেন। জিএসবি’র পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন) জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, জিএসবি’র বিদ্যমান ওয়েবসাইটে গ্রন্থাগার কনটেন্ট হিসেবে এটুআইএর সহযোগিতায় সংযুক্ত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার বিষয়ে আলোকপাত করেন।

৩.০ সিদ্ধান্তসমূহ: বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:

৩.১. ২০১৯-২০২০ অর্থবছরে উদ্ভাবনী উদ্যোগ পাইলটিং এবং স্কেলআপের জন্য প্রয়োজনীয় ব্যয় বিভাজন এবং টেকনিক্যাল স্পেসিফিকেশন প্রস্তুতপূর্বক জিএসবি’র ইনোভেশন টিমের মাধ্যমে মহাপরিচালক মহোদয় বরাবর প্রস্তাব প্রেরণের জন্য পত্র প্রদান করা হবে।

৩.২. জিএসবি'র সহকারী গ্রন্থাগারিক (চলতি দায়িত্ব) জনাব মোস্তাফিজুর রহমান এর স্ব-উদ্যোগে প্রস্তুতকৃত গ্রন্থাগার বিষয়ক ওয়েবসাইটের কনটেন্ট সমূহের পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন তৈরী করে বিষয়টি বিশদ পর্যালোচনার জন্য ইনোভেশন টিম এর নিকট প্রেরণের জন্য উক্ত সভায় তাকে নির্দেশ প্রদান করা হয়।

৪.০. আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।


(সাইদুল হোসেন)

পরিচালক (ভূতত্ত্ব)

সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি

ফোনঃ ৫৮-৩১২২১৬৮

E-mail: hossain747@gmail.co

স্মারক নম্বর: ২৮.০৫.০০০০.০১০.০৪.০০৪.১৮.


তারিখ: ১১ ভাদ্র, ১৪২৬ বঙ্গাব্দ
২৬ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) জনাব সাইদুল হোসেন, পরিচালক (ভূতত্ত্ব), সভাপতি, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ২) জনাব মঈন উদ্দীন আহমেদ, পরিচালক (অপারেশন ও সমন্বয়), জিএসবি, ঢাকা।
- ৩) জনাব মোহাম্মদ আব্দুল আজিজ পাটোয়ারী, পরিচালক (পরিকল্পনা ও বাস্তবায়ন), জিএসবি, ঢাকা।
- ৪) জনাব মোহাম্মদ আশরাফুল কামাল, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৫) জনাব নাসিমা বেগম, উপ-পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৬) জনাব খন্দকার রবিউল ইসলাম, উপ-পরিচালক (খনন প্রকৌশল), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৭) জনাব কাজী মানসুরা আখতার, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্য, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৮) জনাব রাজিব কুমার সাহা, সহকারী পরিচালক (ভূতত্ত্ব), সদস্যসচিব, ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি, ঢাকা।
- ৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, জিএসবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১০) নথিতে সংরক্ষণের জন্য।

জারীকৃত
স্বাক্ষর.....
তারিখ.....



(রাজিব কুমার সাহা)

সহকারী পরিচালক (ভূতত্ত্ব)

সদস্যসচিব

ইনোভেশন/আইসিটি/ওয়েব টিম, জিএসবি